গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৪২৪/২২ | তারিখ : ০৮-১০-২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৪-২৫ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তি, শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের পেশামূলক উপবৃত্তি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির তথ্য MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য আগামী ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ হতে ৩১ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে MIS Software-এ বৃত্তি সংক্রান্ত সকল তথ্যাদি নির্ভুলভাবে এন্ট্রি/সংশোধন সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. যেসকল শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত সমস্যার কারণে (ব্যাংকের নাম, শাখার নাম, Routing Number, হিসাব নম্বর, একক/যৌথ হিসাব সংক্রান্ত ভুল ও Bank Account Inactive থাকা) প্রেরিত বৃত্তির অর্থ Bounced হয়েছে তাদের ব্যাংক সংক্রান্ত তথ্য সংশোধন ও Inactive Account সক্রিয়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩. বৃত্তিপ্রাপ্ত যেসকল শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি তাদের তথ্যও MIS Software-এ এন্ট্রি করতে হবে।

০৪. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি ও ব্যাংক সংক্রান্ত তথ্য সঠিকভাবে এবং যথাসময়ে এন্ট্রি না দেয়ার কারণে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ যথাসময়ে প্রেরণ করা সম্ভব হয় না। MIS Software-এ বৃত্তি সংক্রান্ত তথ্যাদি নির্ভুলভাবে এন্ট্রির লক্ষ্যে পত্রের সাথে **সংযুক্ত নির্দেশনাসমূহ** অবশ্যই যথাযথভাবে অনুসরণপূর্বক MIS Software-এ এন্ট্রি/সংশোধন করতে হবে।

০৫. MIS Software-এ এন্ট্রিকৃত তথ্যে ভুল থাকা এবং মাউশি'র নির্দেশনা অনুসরণ না করার কারণে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ যথাসময়ে প্রেরণ করা যাচ্ছে না। এছাড়া সময়মত এন্ট্রি না করার কারণে শিক্ষার্থীদের অর্থ বকেয়া হচ্ছে। এ কারণে এ বিষয়ে বিশেষ গুরুত্ব সহকারে বৃত্তির তথ্য এন্ট্রি/সংশোধন সম্পাদন করার জন্য অনুরোধ করা হলো। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন।

(বি.দ্র; MIS Software-এ আগামী ১৪ অক্টোবর, ২০২৪ তারিখ থেকে তথ্য সংশোধনের কাজ সম্পাদন করা যাবে)

সংযুক্ত : MIS Software-এ তথ্য এন্ট্রির প্রয়োজনীয় নির্দেশাবলী ০২ (দুই) পাতা।

08.10.24
(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক (একিউএইউ)
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন : ৪১০৫৩৮১১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- বৃত্তি/সিলে/৩য় খন্ড/৮২৬ | তারিখ : ১৭/১০/২০২৪

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণীতে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত MIS Software-এ বৃত্তি সংক্রান্ত সকল তথ্যাদি নির্ভুলভাবে এন্ট্রি/সংশোধন সংক্রান্ত উপরোল্লিখিত বিজ্ঞপ্তিটি যার স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৪২৪/২২ তারিখ-০৮/১০/২০২৪ খ্রি. পত্রটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকগণের সদয় অবগতি ও কার্যার্থে অত্র বোর্ডের ওয়েব সাইটে (www.rajshahieducationboard.gov.bd) প্রচার করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১৭/১০/২০২৪
এস. এম. গোলাম আজম
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
azamraj8486@gmail.com
টেলিফোন : ০২৫৮৮৮৬০৩১১

<u>MIS সফটওয়ারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :</u>


- বৃত্তির Software-এর লিংক : http://scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login (এছাড়া মাউশির ওয়েবসাইটে প্রদত্ত লিংক-এর মাধ্যমেও বৃত্তির সফটওয়্যারে Login করা যাবে)

(ক) **<u>বৃত্তির এন্ট্রি স্ক্রিনে নতুন এন্ট্রির (PEC, JSC, SSC ও HSC) ক্ষেত্রে নির্দেশনা :</u>**

- শিক্ষার্থীর নতুন তথ্য এন্ট্রির জন্য : প্রাথমিক নির্বাচন ⟶ নতুন শিক্ষার্থী এন্ট্রি (বৃত্তি)
  - নতুন শিক্ষার্থী এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীর ভর্তির শিক্ষাবর্ষ (ভর্তি হওয়ার বছর);
  - অর্থবছর (সকলের ক্ষেত্রে ২৪-২৫);
  - বৃত্তি পরীক্ষার নাম;
  - বৃত্তির ধরণ (সাধারণ/মেধা);
  - বোর্ড;
  - উত্তীর্ণ হওয়ার বছর (বৃত্তির গেজেটে বর্ণিত সাল);
  - রেজিস্ট্রেশন নম্বর/আইডি (PEC-র ক্ষেত্রে ১৬ ডিজিটের আইডি, JSC, SSC ও HSC-র ক্ষেত্রে ১০ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর)
  - তথ্যগুলি বাধ্যতামূলক পূরণের পর **'রেজিস্ট্রেশন নম্বর চেক করুন'** অপশনে ক্লিক করে গেজেটেড তথ্য সঠিক পাওয়া গেলে পরবর্তী ধাপে যেতে হবে। ডুপ্লিকেট কোনো তথ্য এন্ট্রি করা যাবে না। ডুপ্লিকেট তথ্য এন্ট্রি হলে সিস্টেম ডুপ্লিকেট মেসেজ দিবে।




  - ব্যক্তিগত তথ্যে শিক্ষার্থীর জন্ম তারিখ সঠিকভাবে এন্ট্রি দিয়ে খুঁজুন অপশনে ক্লিক করতে হবে (সঠিক অথবা ভুল তথ্যের মেসেজ প্রদর্শন করবে);
  - শিক্ষার্থীর নাম : বৃত্তির গেজেটের বানানের সাথে মিলিয়ে এন্ট্রি/সংশোধন করতে হবে;
  - শিক্ষা সংক্রান্ত তথ্যে পূর্ববর্তী পরীক্ষার নাম ও বৃত্তির পরীক্ষার নাম অভিন্ন হবে;




  - পেমেন্টের তথ্য ⟶ অবশ্যই শিক্ষার্থীর অ্যাকাউন্ট নামের সাথে মিল থাকতে হবে;
  - পেমেন্টের ধরন ⟶ ব্যাংক ⟶ শাখা ⟶ রাউটিং নাম্বার ⟶ হিসাবের ধরণ ⟶ হিসাবধারীর নাম ⟶ খুঁজুন (হিসাবধারীর নাম গেজেট তথ্যের সাথে মিল আছে কিনা তা যাচাই করা হবে);
    হিসাব নং ⟶ খুঁজুন (ডুপ্লিকেট একাউন্ট যাচাই করা হবে);
  - শিক্ষার্থীর নামে একক/যৌথ ব্যাংক একাউন্ট হতে হবে। এন্ট্রিকৃত তথ্যে দেয়া শিক্ষার্থীর নাম, ব্যাংক হিসাবধারীর নাম ও বৃত্তির গেজেটের নামের বানান অভিন্ন হতে হবে। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;

- যৌথ হিসাবের ক্ষেত্রে হিসাবধারীর নাম হিসাবে MIS সফটওয়্যারে হিসাবধারীর নামের স্থলে ২ জনের নাম এন্ট্রি করতে হবে (প্রথমে শিক্ষার্থীর নাম তারপর and তারপর ২য় হিসাবধারীর নাম) (যেমন: Habibur Rahman and Abdur Rashid)
- হিসাব নম্বর (১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে)

(খ) **তথ্য সংশোধনের পদ্ধতি :** বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ⟶ শিক্ষার্থীর তথ্য আপডেট

(গ) **একাধিক এন্ট্রি নিষ্ক্রিয়করণের পদ্ধতি :** বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ⟶ শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন (কোন এন্ট্রিতে Payment গেলে সেটি বাদে বাকিগুলি নিষ্ক্রিয় করতে হবে)

(ঘ) **মাদ্রাসা থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্দেশনা:**

- একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি-র পরিবর্তে যথাক্রমে এবতেদায়ী, জেডিসি, দাখিল, আলিম নির্বাচন করতে হবে।
- বোর্ড হিসাবে মাদ্রাসা বোর্ড নির্বাচন করতে হবে।

(ঙ) **বিশেষ কিছু তথ্য :**

- বৃত্তির তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করার জন্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির গেজেটের কপি ও রেজিস্ট্রেশন কার্ড/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি শিক্ষার্থী থেকে গ্রহণ করা যেতে পারে।
- ব্যাংক তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করার জন্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর ব্যাংক স্টেটমেন্ট (না হলে চেক বই) এর ফটোকপি শিক্ষার্থী থেকে গ্রহণ করা যেতে পারে। এবং ব্যাংক হিসাব সচল রাখতে হবে।
- বিকাশ, শিউর ক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- এন্ট্রিকৃত তথ্যাদি যাচাই ও প্রয়োজনে সংশোধন ও সংরক্ষণ করতে হবে। কোথাও মেইল/হার্ডকপি পাঠাতে হবে না।
- ১ জন শিক্ষার্থীর একটি বৃত্তির ১টি এন্ট্রি থাকবে। ১ জন শিক্ষার্থী যদি SSC বৃত্তিপ্রাপ্ত হয় তাহলে SSC-র শুধু ১টি এন্ট্রি থাকবে। যদি সে HSC তেও বৃত্তি পেয়ে থাকে তাহলে তার HSC-র জন্য আলাদা ১টি এন্ট্রি থাকবে। প্রয়োজনে এন্ট্রিকৃত তথ্য সংশোধন করা যাবে কিন্তু একই বৃত্তির বিপরীতে একাধিক এন্ট্রি (Double/Multiple Entry) করা যাবে না।
- শিক্ষার্থীর ব্যাংকে প্রেরিত টাকা Return/Bounce হলে তাদের ব্যাংকের চেক বই/Bank Statement এর তথ্যের সাথে মিলিয়ে MIS Software-এ তথ্য সংশোধন করতে হবে। এছাড়া ব্যাংক একাউন্ট সচল (Active) রাখতে হবে। তথ্য সঠিক থাকলে কোন সংশোধন করতে হবে না।
- শিক্ষার্থীর নামের বানানে (গেজেটে) Hyphen (-) থাকলে শিক্ষার্থীর নাম (ইংরেজী) অংশে গেজেটের ন্যায় অবিকল (Hyphen সহ) Type করতে হবে। কিন্তু পেমেন্টের তথ্যে হিসাবধারীর নামের স্থলে শিক্ষার্থীর নামের Hyphen (-) এর স্থলে Single Space দিতে হবে। (যেমন : গেজেট বানান Mamun-or-Rashid থাকলে শিক্ষার্থীর নাম হবে Mamun-or-Rashid কিন্তু হিসাবধারীর নাম হবে Mamun or Rashid)
- বৃত্তি সংক্রান্ত নির্দেশনামূলক সকল পত্র মাউশির ওয়েবসাইটের (www.dshe.gov.bd) নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- শিক্ষার্থীর তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);
- তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
- User ID ও Password জনিত সমস্যায় ই-মেইলে (misproblem23@gmail.com) যোগাযোগ করা যাবে;

(চ) **উপবৃত্তির এন্ট্রি স্কিনে নতুন এন্ট্রির (তফসিলি, টিটিসি, গার্হস্থ্য অর্থনীতি, চারুকলা) ক্ষেত্রে নির্দেশনা:**

- শিক্ষার্থীর নতুন তথ্য এন্ট্রির জন্য : প্রাথমিক নির্বাচন ⟶ নতুন শিক্ষার্থী এন্ট্রি (উপবৃত্তি)
- আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকের কার্যালয়, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, গভর্ণমেন্ট কলেজ অব অ্যাপ্লাইড হিউম্যান সাইন্স ও চারুকলা অনুষদ, ঢা: বিশ্ব: ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান হতে **রাজস্ব উপবৃত্তি'র** তথ্য এন্ট্রি করা যাবে না।